



Dated: 18. 04. 2018

Enclosed is the news clipping appeared in the 'Eaisamay,' a Bengali daily dated 18.04.2018, the news item is captioned 'শিশুকন্যাকে ধর্ষণের চেষ্টায় গ্রেপ্তার যুবক গণধর্ষণে অভিযুক্ত দুই নাবালকও'

Commissioner of Police, Durgapur-Asansol Police Commissionerate is directed to enquire into the matter and to submit a report by 25th May, 2018.


(Napanarajit Mukherjee)
Acting Chairperson


(M.S. Dwivedy)
Member

শিশুকন্যাকে ধর্ষণের চেষ্টায় থ্রেপ্তার যুবক গণধর্ষণে অভিযুক্ত দুই নাবালকও

এই সময়, আসানসোল: মাত্র ঘণ্টা দু'য়েকের ব্যবধানে দুই শিশুকন্যার উপর যৌন নির্যাতনের অভিযোগ উঠল কুলটি থানার নিয়ামতপুরে। সোমবার সন্ধ্যায় সাত বছরের এক শিশুকন্যাকে বিস্কুটের লোভ দেখিয়ে নিজের বাড়িতে নিয়ে যায় প্রতিবেশী যুবক। সেখানে বিবস্ত্র করে ধর্ষণের চেষ্টা করে বলে অভিযোগ। এই ঘটনার কিছু ক্ষণ পরই বছর পাঁচেকের এক শিশুকন্যাকে গণধর্ষণের অভিযোগ ওঠে দুই নাবালকের বিরুদ্ধে। দু'টি ক্ষেত্রেই পুলিশ দ্রুত পদক্ষেপ করেছে। প্রথম ঘটনায় মনোজ তাপুরিয়া নামে এক যুবককে এবং দ্বিতীয় ঘটনায় ১২ ও ১৫ বছরের দুই নাবালককে থ্রেপ্তার করেছে পুলিশ।

নববর্ষের রাতে আউশথামে আদিবাসী এক কিশোরীকে গণধর্ষণ নিয়ে প্রতিবাদের ঝড় ওঠে। তার রেশ কাটতে না কাটতে কুলটির এই ঘটনায় নানা মহলে নিন্দা শুরু হয়েছে। যদিও এ ক্ষেত্রে পুলিশ দ্রুত ব্যবস্থা নেওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন বাসিন্দারা। এডিসিপি (পশ্চিম) অনমিত্র দাস বলেন, 'দু'টি ঘটনাতেই অভিযোগ পাওয়া মাত্র পুলিশ অভিযুক্তদের থ্রেপ্তার করেছে। জেলা হাসপাতালে দুই শিশুর মেডিক্যাল টেস্টও হয়েছে।' মঙ্গলবার ধৃত দুই নাবালককে বর্ধমানের জুভেনাইল আদালতে পাঠানো হয়। তাদের আপাতত হোমে রাখার নির্দেশ দিয়েছেন বিচারক। অন্য দিকে, ধৃত মনোজকে আসানসোল আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার সন্ধ্যায় নিজের বাড়িতেই ছিল বছর

সাতেকের ওই নাবালিকা। অভিযোগ, মনোজ তাকে বিস্কুট দেওয়ার নাম করে নিজের বাড়িতে নিয়ে যায়। সেখানে সম্পূর্ণ বিবস্ত্র করে ধর্ষণের চেষ্টা করলে শিশুটি চিৎকার শুরু করে। তা শুনে তার মা দৌড়ে গেলে তাঁকে মারধর করে চম্পট দেয় মনোজ। ঘটনার পরই মেয়েকে নিয়ে নিয়ামতপুর ফাঁড়িতে গিয়ে অভিযোগ করেন শিশুটির মা। সেই মতো তল্লাশি চালিয়ে মনোজকে থ্রেপ্তার করে পুলিশ।

এই ঘটনার ঘটনা দু'য়েক পরই পাঁচ বছরের ওই শিশুকন্যাকে ধর্ষণের ঘটনা সামনে আসে। খেলার নাম করে শিশুটিকে জঙ্গলে নিয়ে যায় ওই দুই নাবালক। সেখানেই ধর্ষণ করা হয় বলে অভিযোগ। ছাড়া পেয়ে শিশুটি কাঁদতে কাঁদতে একটি দোকানের সামনে এসে হাজির হয়। খবর পেয়ে পরিবারের লোকজন সেখান থেকে তাকে উদ্ধার করে। পরিবারের লোকজন নিয়ামতপুর ফাঁড়িতে অভিযোগ দায়ের করলে শিশুটির চিকিৎসার ব্যবস্থা করা হয়। তদন্তে নেমে রাতেই দুই নাবালককে থ্রেপ্তার করে পুলিশ। এই ঘটনার নিন্দা করেছেন এলাকার বিধায়ক উজ্জ্বল চট্টোপাধ্যায়। একই সঙ্গে দ্রুত পদক্ষেপ করায় পুলিশের প্রশংসা করে তিনি বলেন, 'যে ঘটনা ঘটেছে তা অনভিপ্রেত। দেশজুড়েই বিভিন্ন জায়গায় এমন ঘটনা সামনে আসছে। এটা সমাজের অবক্ষয় বলা যেতে পারে। সচেতন নাগরিকরা প্রতিবাদ জানাচ্ছেন। তার পরও আটকানো যাচ্ছে না। তবে কুলটির ঘটনায় পুলিশ দ্রুততার সঙ্গে ব্যবস্থা নিয়েছে।'